In our kriya practice, breath retention in guru pranam, yoni mudra and finally mahamudra helps us in increasing our CO<sub>2</sub> tolerance. As one progresses and moves to advance kriyas, this is where we target our CO<sub>2</sub> tolerance directly. Eventually the requirement to breathe almost disappears and as the mind becomes silent our metabolism slows down so much that body doesn't need much oxygen to survive. This allows us to enter what we call *keval kumbhaka*, where breath almost disappears spontaneously. This is not something you can achieve forcibly. It's something that happens of its own accord if we follow the steps properly. This brings our lung capacity on par with elite athletes. Within a month of practicing kriya my resting heart rate reduced by 7-8 beats per minute. This almost breathless kind of state creates a pleasant calm in our body machinery that becomes very addictive after a period of time.

ॐ || Guru Brahma, Guru Vishnu, Guru devo Maheshwara

Guru sakshat, param Brahma, tasmai shri guravay namah || ॐ







## What is the easiest way of attaining peace and happiness?

– Amol Bhavsar

We are all trying to attain happiness and peace in the world in various ways but the difficulty is that we do not apply serious thought to understand what is meant by peace and happiness. If that were our objectives, they should have then been thoroughly understood not by mere words or on verbal level but by serious application of mind. If we examine this problem in a right earnest spirit of understanding, we find that what we mean by attaining peace and happiness is but the desire to overcome those factors which disturb our happiness and consequent peace. If such factors could be eliminated, avoided or solved, happiness and peace would prevail.

It is now for you to find out the factors which disturb or come in the way of your happiness and peace. You will find on examining that your desires, ambitions, greed, infatuation, jealousy and so on are the factors that have made your life unhappy and miserable. You will also find that the disturbing factors are your own creations. They may be due to your living in a particular society, a particular setup of life, religion you follow, creed that you identify with or your own dogmas. This means that you are covering your body with so many woollen blankets and then desiring for fresh air. The solution you yourself will find is simple. Throw off the coverings and you will be able to get free and fresh air. You can throw off the coverings that you have put on yourself, by owning, identifying and monopolizing with ambition to become something which you are not or to retain something which is not yours.

Besides biological needs you pursue various objectives in life created by the mind, intellect and then fanned by ego which are but mainly responsible for the major disturbances in your life. An absurd argument is sometimes advanced that a person living in the world has to follow the worldly ways. When we examine this, we find that the world of today is composed of various societies, religions, creeds, castes and different isms. Everybody wants to convince others of what he is following, trying thus

to establish that his ways of life are correct and therefore should be followed by all. There is, therefore, continuous struggle in the world to lead, follow, identify, attain power, gain monopoly, etc. etc. How could you then attain happiness in the midst of such a great struggle and conflict that is consistently going around you? If you desire calm and quietude, you cannot have it in the marketplace where all noises and activities are going on. If some people assembled in a hall start shouting to have a peaceful hearing, obviously they would not be able to have it. The only thing that will have to be done is to observe silence by each individual so that in a moment there would be perfect calmness in the hall. Similarly if the factors that create disturbances in your life are stopped or avoided, then automatically your life will be peaceful and happy and not otherwise.

You will thus see that it is you yourself who come in the way of your happiness as well as peace and you will be able to attain the same if you seriously try to understand the problem. Your search to find out solutions with outside help is a waste of time and energy. You are searching a thing from where you cannot get it. Reading books or following a religion would only increase your ego or your stock of information as beyond that they are not capable of giving you the thing that already exists within you, that you search for outside.

You have moulded your life in such a way that it has become too difficult for you to think correctly and freely. You may not like if I say that you do not know even how to listen. You will say that you are listening to me attentively but observe the activity going on in your mind simultaneously. In your mind you are comparing as well as contrasting what I am telling you with the knowledge you have already acquired and at the same time you are trying to remember what you have read in the books or what you have learnt from others. You are also thinking various things in relation to the answer I am giving you as well as other



things which have nothing to do with the answer. Such a big mental process and struggle to remember, etc is going on in your mind. It is, therefore, obvious that you will be left with very little capacity to hear me and still lesser to understand the significance of what I am telling you. The right way, therefore, would be to hear me with concentration i.e. with still or blank mind so that you can understand me. Don't be in a hurry to pass on any judgment immediately on the spot. That would not only come in the way of your proper hearing but would muddle your power of understanding. You would also be wasting your time. I have to request you all to understand that I am trying

to answer your questions and solve your difficulties. I am trying to explain things which should be understood in the right spirit of understanding to arrive at the truth. Please do not try to be logical nor should you try to cross-examine me like a lawyer. You have to forget all that, if you have to understand the truth.

**Reference: Discourse given by Great Yogiraj, Shree Sadguru Shankar Maharaj. ॐ**





## অমৃত স্পর্শ

- সুজয় বিশ্বাস

শ্রীশ্রীগুরুদেবের আশীর্বাদ নিয়ে ক্রিয়াকালীন অভিজ্ঞতার কিছু বর্ণনা করছি এখানে।

ক্রিয়াকালীন যে বৃত্তাকার ঘূর্ণন হয় তার সাথে ‘সমুদ্র মন্ডনের’ সাদৃশ্য খুঁজে পেলাম। ক্রিয়া করবার সময় ‘মন’ বোঝাতে লাগল যে দেখ এটাই হচ্ছে “সমুদ্র মন্ডন”। সমুদ্র মন্ডন এর সময় যেমন করে একদিকে দেবতারা আর অপর দিকে অসুররা মিলে ‘অমৃত’ কে তুলে আনবার জন্য সুমেরু পর্বত ও তাকে বেষ্টিত করে থাকা বাসুকি নাগ কে দড়ি হিসাবে ব্যবহার করেছিল। অসুর ও দেবতাদের দড়ি ধরে টানাটানির ফলস্বরূপ সমুদ্রের নিচ থেকে অনেক ধন সম্পদ, মাতা লক্ষ্মী, বিষ, অমৃত ইত্যাদি একের পর এক উঠে আসতে থাকে। মন আমাকে বোঝাতে লাগল যে সুমেরু পর্বত হলো আমাদের মেরুদণ্ড, তাকে বেষ্টিত করে থাকা বাসুকি নাগ হল ব্রহ্ম নাড়ি, প্রাণায়াম হল দড়ি ধরে টানাটানি, চক্রে অবস্থান করছে দেবতা ও অসুর (নিবৃত্তি ও প্রবৃত্তি যুক্ত)। বিষ বা হলাহল হচ্ছে নিচ থেকে উঠে আসা প্রত্যেক চক্রের খারাপ গুণ বা পূর্বজন্মের খারাপ কর্মের সংস্কার। আমরা প্রাণায়ামএর মাধ্যমে নিচ থেকে অপান কে তুলে আনার মধ্যে দিয়ে প্রত্যেক চক্রের মধ্যে থাকা আসুরিক গুণকে নষ্ট করি এবং অবশেষে প্রত্যেক বায়ুই উর্দ্ধগতি পায় এবং ‘কূটস্থে’ এসে স্থিতি পায়, তখন স্বয়ং নারায়ন মোহিনী রূপ ধরেন অমৃত দেবার জন্য। এই অমৃত ধারা ঝরে পড়ে সহস্রার থেকে। বিজ্ঞানীরা যে মস্তিষ্কস্থিত “pineal gland” এর কথা বলেন, তার থেকে নিসৃত “Melatonin Hormone” এর সাথে এর মিল আছে। যেখানে স্বয়ং নারায়ন বা মহেশ্বরের নিবাস। পদ্ধতির মধ্যে দিয়ে সঠিক জায়গায় অবস্থান করতে পারলে, এই ‘অমৃত ধারা’ ঝরে পড়ে বা নারায়ন দিয়ে থাকেন, আমরা আমাদের জিহ্বার দ্বারা তার স্বাদ গ্রহণ করে থাকি, একেই বলে দেবত্ব। সবশেষে এই সব ঘটনার মধ্যে দিয়ে ‘মন’

আমাকে বুঝিয়ে দিল “সমুদ্র মন্ডন” আমাদের দেহের মধ্যেই ঘটে থাকে এবং ক্রিয়ার এক অবস্থা ও সমুদ্র মন্ডন একই, আলাদা নয়। তাই মন থেকে উত্তর পেলাম- আজ থেকে এই ক্রিয়ার অবস্থার নাম হল মন্ডন ক্রিয়া, ক্রিয়ার কোন অবস্থায় এমনটা হয় তা সম্পূর্ণ অনুভূতি সাপেক্ষ, তা নিজেকেই বুঝতে হবে এবং যেহেতু এই পদ্ধতি গুরুমুখী বিদ্যা, তাই গুরুদেবের কাছ থেকে সঠিক ভাবে জেনে, বুঝে তবেই অভ্যাস করা উচিত।

আজকে (4/05/2020) ক্রিয়া থেকে উঠবার পরের কিছু অভিজ্ঞতা ব্যাখ্যা করছি। একটি ফাঁকা ঘরে যদি আমরা শব্দ করি তাহলে সেই শব্দের Reverberation আমরা শুনতে পাই। অথবা, আমরা যদি পাহাড়ের উপর দাঁড়িয়ে থেকে কোনো শব্দ করি তাহলেও আমরা সেই শব্দের Echo শুনতে পাই। এখন প্রশ্ন হচ্ছে যে, এই Reverberation বা Echo কেন শোনা যায়? বিজ্ঞানের ভাষায় বলতে গেলে বলা যেতে পারে, কোন শব্দ যখন তরঙ্গ আকারে উৎসস্থল থেকে নির্গত হয়ে কোনও এক বস্তু বা Object এ বাধা প্রাপ্ত হয়, তখন সেই বস্তু বা Object সেই শব্দ তরঙ্গকে কিছুটা Absorb করে নেয় এবং কিছুটা Reflection করে দেয়, তখন সেই শব্দ প্রতিধ্বনি - Reverberation বা Echo হিসাবে প্রকাশ পায় ব্যক্তির কাছে। কিন্তু কথা হচ্ছে একটি ঘরে যদি অনেক বস্তু বা জিনিস থাকে তখন যদি আমরা শব্দ করি তাহলে সেই শব্দের কোনো Reverberation শোনা যায় না। একাধারে পাহাড়ের খুব কাছাকাছি যদি অনেক ছোট ছোট টিলা বা পাহাড় থাকে তাহলেও আমরা Echo শুনতে পাইনা। কারণ ব্যাখ্যা করলে বলা যেতে পারে, ঘরে অনেক বস্তু থাকার জন্য শব্দ তরঙ্গকে শোষণ করে নেয়; ফলস্বরূপ শব্দ ক্ষীণ হয়ে যাওয়ার জন্য Reverberation শোনা যায় না এবং পাহাড়ের খুব কাছাকাছি বা অনেক দূরে অন্য সব পাহাড় থাকবার জন্য





Echo শোনা যায় না। এই সব কিছু থেকে বোঝা যাচ্ছে যে, প্রতিধ্বনি শোনবার জন্য আগে বাধা কে সরানো/ কাটানো আবশ্যিক, সঠিক জায়গা বেছে নিতে হবে বা সঠিক জায়গায় অবস্থান করতে হবে। এই বিজ্ঞান বা যুক্তিটি যদি আমরা ক্রিয়ার দৃষ্টিভঙ্গিতে বুঝতে বা ব্যাখ্যা করতে চাই, তাহলে বলতে হয় মস্তন ক্রিয়ার কথা। আমরা যখন মস্তন ক্রিয়া অভ্যাস করে থাকি, তখন আমরা একটা Force কে খুব ধীরে ধীরে নিচে নামতে থাকি। এই Force কে সঠিক ভাবে নিচের দিকে নামানোর সাথে সাথেই আমরা চক্রে থাকা বাধা বা আমাদের সকল খারাপ গুণ (সংস্কার)কে একের পর এক সরিয়ে ফেলি ঠিক ঘরে থাকা বস্তুকে সরানোর মতো করে। ফলস্বরূপ আমরা অনুভব করতে পারি এই Force যখন মূলাধার চক্রে গিয়ে ধাক্কা খায়, ঠিক সেই সময় মূলাধার চক্র থেকেও উল্টো দিকে আর এক বিপরীতমুখী Force উর্দ্ধগতি লাভ করে ঠিক সেই প্রতিধ্বনি শোনবার মতো, যা সম্পূর্ণ স্বয়ংক্রিয় (Totally Automatic Process)। Reverberation শোনবার জন্য ঘরের সব বস্তুকে সঠিক জায়গায় সরানোর মতো করে এবং পাহাড়ের সেই সঠিক জায়গা খুঁজে বা বেছে নেবার মতো করে যেখানে গিয়ে দাঁড়িয়ে শব্দ করলে প্রতিধ্বনি শোনা যাবে, ঠিক এখানেও যদি চক্রের সব খারাপ গুণ সরে যায় বা সঠিক জায়গায় অবস্থান করা যায়, তবেই সে প্রকাশ করবে তার শক্তিকে আপনা থেকেই এবং উর্দ্ধগতি পাবে।

যখন আমাদের গরম লাগে আমরা তখন হাত পাখার (জাগতিক ভাবে শ্বাস-প্রশ্বাস নেওয়া) ব্যবহার করে থাকি গরমের হাত থেকে মুক্তি পাওয়ার জন্য এবং সেই হাওয়ায় প্রয়োজন ঠিক ততক্ষণই হয় যতক্ষণ না পর্যন্ত বাইরে থেকে প্রাকৃতিক হাওয়া ( অন্তর্মুখী শ্বাস প্রবাহ) আপনি (Automatic) থেকে না আসে। এও ঠিক তেমনি, আমরা ততক্ষণই প্রাণায়াম (জাগতিক ভাবে নেওয়া শ্বাস-প্রশ্বাস) অভ্যাস করে থাকি যতক্ষণ না পর্যন্ত অন্তর্মুখী প্রাণায়াম (অন্তর্মুখী শ্বাসের প্রবাহ) আপনা থেকে শুরু না হচ্ছে। ‘মস্তন ক্রিয়া’ সম্পূর্ণ অনুভূতি সাপেক্ষ এবং গুরুমুখী বিদ্যা তাই

এই পদ্ধতি গুরুদেবের কাছ থেকে সঠিক ভাবে জেনে ও বুঝে নিয়ে অভ্যাস করা উচিত এবং অভ্যাসের সাথে সাথে এই বাধা সরে যাওয়া পর্যন্ত ধৈর্য্য ধরতেই হবে অধৈর্য্য হলে বা তাড়াহুড়ো করলে হবে না, কারণ এই শক্তি স্বয়ম্ভু।

ক্রিয়ার পরের কিছু অনুভূতি জাগতিক ভাবে দৃশ্যমান কিছুর সাথে ব্যাখ্যা করবার চেষ্টা করছি। মন যেন পদ্মপাতার উপর এক বিন্দু জলকণার ন্যায়। সব সময়ই সেই জলকণা টলমল করে বেড়ায় ( চঞ্চল মন), একবার এখানে তো একবার সেখানে। সেই পদ্মপাতার উপর একবিন্দু জলকণা ( চঞ্চল মন) ভুলে গেছে (মহামায়া করে থাকেন) তার উৎসের বা সেই বিশাল জলরাশির কথা ( সৃষ্টিকর্তা বা পরমাত্মা)। পদ্ম পাতার উপর অবস্থান করে বলে সেই জলকণা (মন) ভাবে হয়তো এই পদ্ম পাতাই তার উৎস বা ধারক ও বাহক।



কিন্তু সেই পদ্ম পাতাকেও যে কেউ ধারণ করে রেখেছে তা সেই জলকণা ভুলে গেছে। হালকা হাওয়ার জেরে পদ্মপাতা যখন আন্দোলিত হয় (সাংসারিক বাঁধন- মায়া, মমতা, চাওয়া, পাওয়া, কাম, ক্রোধ, লোভ, ইত্যাদি) তখন আবারও সেই জলকণা টলমল করে (চঞ্চল মনের জাগতিক বস্তুর দিকে ছুটে যাওয়া)। একদা কোনো এক দিন প্রবল জলোচ্ছাস বা প্রবল ঝড়ের ফলে ( গুরুশক্তির প্রকাশ - যিনি সঠিক পথের দিশা দেখিয়ে দেন অথবা পুরো রাস্তায় যিনি সাথে, পাশে বা হাত ধরে থাকেন- গুরুরকৃপা); সেই জলকণা বিশাল জলরাশির সাথে মিশে যায় (জীবাত্মার সাথে পরমাত্মার মিলন ঘটে) বা সন্ধান পায়। তখন সে সেই বিপুল জলরাশির স্বত্তাকে বুঝতে পারে নিজের মধ্যে বা তার মধ্যে থেকে, অবশেষে সেই এক বিন্দু জলকণাও পরিণত ও প্রকাশিত হয় এক বিপুল জলরাশি হিসেবে “অখন্ড চৈতন্য রূপে”(- গুরুমায়ের



উক্তি অনুসারে) দিকে দিকে এবং সর্বদা সেখানেই (কুটস্থে) অবস্থান করে স্থির ভাবে।

এই সাত চক্র কার? এই সাত চক্রে রঙ-ই বা দিলো কে? কিবা তার রঙ? নাকি কোনো রঙ-ই নেই। রঙ দিলো তো দিলো, আবার তার সঙ্গে একটা মনও দিলো প্রত্যেক এর জন্য আলাদা আলাদা। তাই তাকে দেখবার, চিনবার বা সেই রঙের সাথে নিজেকে মেশাবার বা মিশে যাওয়ার কৌশলও আলাদা আলাদা। আমরা প্রতিদিন প্রাণায়ামের মধ্যে দিয়ে এই

সাত চক্রের সেবা করে থাকি এই সাত চক্রের সেবা করা মানেই তার (প্রাণের) সেবা করা। কি জানি সে কবে তার পূর্ণ স্বরূপে সব রঙ মেলে ধরবে, মুছে ফেলবে সব আস্তরণ, সব রঙ একাকার হয়ে যাবে, সব শেষে সে বিন্দু (জ্যোতি) ধরবে, মজার মজার খেলা খেলবে আমার সাথে, কখনও সে আমি রূপে আবার কখনও বা আমি সে রূপে ( বিন্দু বা জ্যোতি ধারন)। অবশেষে নিজ ঘরে (কুটস্থে স্থিতি) ফিরে যাবো ( জাগতিক বা ইন্দ্রিয় বা সাংসারিক বন্ধনের হাত থেকে মুক্তি পাওয়া) অখণ্ড চৈতন্যে। ॐ





## গুরুতত্ত্ব

-শিউলী গাঙ্গুলী

যখনই গুরুদেব কে নিয়ে কিছু লিখতে চেষ্টা করি তখন শুরু করার প্রয়াস ও অসম্ভব মনে হয়, যিনি অব্যক্ত কোন ভাষা দিয়ে তাঁর বর্ণনা সম্ভব!

ব্রহ্ম যেমন অব্যক্ত, গুরুদেব ও তেমনই অব্যক্ত। প্রবৃত্তি মার্গে যুক্ত থাকা বহির্মুখী চঞ্চল প্রাণ কে যে শক্তি নিবৃত্তি মার্গে নিয়ে যায়, অন্তর্মুখী করে তাই গুরু শক্তি। গুরুর গুরুত্ব তাঁর নামেই, গুরু অর্থাৎ যাঁর তুলনায় অন্য সমস্তই লঘু। বরং তাঁর স্মরণ নিয়ে তাঁরই কথা দিয়ে গুরুতত্ত্ব ব্যাখ্যার চেষ্টা করি।

দিনটা ছিল 2019 সালের গুরু পূর্ণিমা। সমস্ত ভক্ত শিষ্যেরা সমবেত হয়েছেন শুভদিনে গুরুদেব কে শ্রদ্ধা, ভক্তি, ভালোবাসা নিবেদন করতে। ঈশ্বরীয় আলোচনা, গান, ক্রিয়া-অনুভূতি সবই সুষ্ঠু সুন্দর ভাবে পালিত হচ্ছিল। গুরুদেবের কাছে জানতে চাইলাম গুরু পূর্ণিমার মাহাত্ম্য নিয়ে যদি কিছু বলেন, প্রথমেই উনি একটু মজা করলেন তারপর বললেন, "গুরু কে? আমি কেউ না। আমি তো শুধুমাত্র পথ দেখাই, যখন কূটস্থে অবস্থিত তোমাকে তুমি জানতে পারবে দেখবে কেউ আলাদা নয়। সবার মধ্যেই তুমি আছো, এখানে যারা বসে আছে সবার মধ্যেই সেই একই শিব সত্ত্বা, এটা যখন হবে তখন বুঝবে তোমার গুরু তুমি ,আমি কেউ না।"

প্রভু বলে দিলেন তিনি কেউ না ,অতএব এই ক্ষুদ্র তুচ্ছ আমিও আমার মতো করে বুঝে নিলাম তিনি কে? মোক্ষমার্গে নিয়ে যাবার জন্য ভগবৎ শক্তি আশ্রয় করে যাঁকে তিনিই গুরু, শক্তি আধার ছাড়া তো প্রকাশ হতে পারে না তাই তিনি গুরুদেব, তাই তাঁকে উদ্দেশ্য করে বলা হয় -

“গুরু ব্রহ্মা, গুরু বিষ্ণু, গুরুদেব মহেশ্বর ।

গুরু সাক্ষাৎ পরমব্রহ্ম তস্মৈ শ্রীগুরুবে নমঃ। “

গুরু কেবল এক বিশেষ দেহে আবদ্ধ নন। তিনি ভগবান হতে অভিন্ন, তিনি আত্ম স্বরূপ। তিনি ভগবৎ-রূপী হয়ে সর্বদা সঙ্গে সঙ্গে থাকেন। তাঁর কথা থেকে তিনি এই বুঝিয়ে দেন যে তাঁকে সত্যিকারে পেতে গেলে নিষ্ঠা সহ তাঁর দেখানো পথ অনুসরণ করতে হবে, পৌঁছানোর চেষ্টা করতে হবে সেখানে, যেখানে পৌঁছালে প্রাণের স্বরূপ প্রকাশিত হবে। অনুভব হবে “তিনি কেউ না” অর্থাৎ “তিনিই সব”। তিনি সৎ, চিদ্ এবং আনন্দ রূপে সর্বত্র প্রকাশিত।

কিন্তু ভাব বড় প্রয়োজন, যেমন চোখের সাথে মন যুক্ত না হলে দৃষ্টি শূণ্য হয়ে যায়- চোখ দেখেও দেখেনা, কানের সাথে মন যুক্ত না হলে কান শুনতে পায়না, তেমনি ক্রিয়ার সাথে যুক্ত হতে হবে সমর্পণ ভাব। গুরুর উপর পূর্ণ সমর্পণ নিয়ে এগোলে ক্রিয়া হবেই। মনে জাগবে এক অপার প্রশান্তি। জাগতিক যা কিছু চাওয়া হয়েছে তা পাওয়া গেলে মনে হবে গুরুদেব দিলেন তাই হল, আর না হলেও কোথাও কোনো দুঃখবোধ তৈরি হবে না, মন বলবে এটা প্রয়োজন ছিল না তাই হয়নি।

তাঁকে সঙ্গে নিয়ে চললে সকলই আনন্দময়। সমস্ত জ্ঞান যেখানে শেষ হয় সেখানেই তিনি শুরু হন। তাই মন তুমি গুরুময় হও। সর্বভূতে যিনি ব্যাপ্ত হয়ে আছেন তাঁর শ্রীচরণ সহায় করে তাঁর দেখানো পথে তাঁকে অন্বেষণ করাই ক্রিয়া। ইহাই গুরু তত্ত্ব।

ওঁ অখন্ডমন্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম।

তদপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরুবে নমঃ।







## Guru-Tattva (translation)

Whenever I try to write something about Gurudev, it seems impossible to start as to who can describe the unspoken divinity! Like Brahma, the eternal unspoken divinity, Gurudev too, is the eternal unspoken divinity. The energy that leads to the path of cessation of our outwardly, restless soul taken in the path of instinct, is Gurushakti. The importance of the word Guru is hidden in the word itself that means it is heavier than everything else. I try to explain the importance of “Gurushakti” in own words.

The day was 2019 Guru Purnima. All the devout disciples had gathered to pay their respect, devotion and love to Gurudev on that auspicious day. The divine discussions, songs and experiences of kriya were discussed and everything was celebrated in a beautiful way. I then asked Gurudev if he would say something about the greatness of Guru Purnima. At first he joked and then said, "Who is Guru? I am no one. I can only show you the path. When you reach the precipice, you can understand you are in everyone; the same Shiva is in everyone. At that moment you would find that you are in those who are sitting here. When that happens you would understand that you are your own guru, I am no one." The Lord said he was no one; so this little insignificant me also understood-who he really is!

In order to attain salvation, divine spirit seeks refuge in the one, who is the Guru. He is the source of energy that gets manifested with such

manifestation of energy being not possible without the source. So He is addressed as–

**“Guru Brahma, Guru Vishnu, Gurudeva Maheshwara.**

**Gurudeva Parambrahma Tasmai Sri Gurube Namah.”**

Guru is not confined to one particular body. He is identical with God. He is the Self. He is always in the form of a deity. Through his words he explains that in order to know the Truth, one has to follow the path shown by him with devotion and try to reach it. When you reach there you would be manifested as soul and feel that "He is no one", meaning "He is all". He is honest, happiness and manifests everywhere with joy.

But thought is necessary, for example, if the mind is not connected with the eyes, the vision becomes zero-the eyes do not see; if the mind is not connected with the ears, the ears cannot hear. So the feeling of surrender must be associated with “kriya” that must be taken with full support of the Guru. An infinite peace would wake up in the mind. If you get what you want from the world, you will think that Gurudev gave it; and if not, there would be no sadness anywhere; the mind will say it was not necessary, so it did not happen.

Everything is peaceful when you take him with you. He begins where all knowledge ends. So be mindful of the ways of him. Exploring the way He has shown with the help of His Sricharana, who is pervading the universe- is the way of “kriya”. ॐ



“ উল্টো লিখে আয়না দিয়ে দেখলে সোজা দেখায়, তদ্রূপ  
দেহস্থ বায়ুকে উল্টাইলেও স্বরূপ দেখায়। ”

যোগীরাজ শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী মহাশয়



## Kabir Ke Dohe

– Saket Shrivastava

चाह गई चिंता मिटी, मनुआ बेपरवाह ।

जिनको कछु नहि चाहिये, वे साहन के साह ।।

Chhah gayi chinta miti, manva beparwah |

Jinko kachu na chaiye, woh hi sahan ke sah ||

Gurudev points out that if one knows this moment, he knows self and therefore all, as he is then That-the Universal. What Gurudev implies can be deduced from this doha of Kabirdas where Sant Kabir exclaims that only a man having no desires is Shahenshah or the Ultimate meaning all powerful- omniscient, omnipresent and omnipotent. It is important to understand the subtle relationship between the statement of Gurudev and the declaration of Kabirdas. If deeply observed, one would find that one is what he is in a particular moment, though he may not be knowing his true nature but when he tries to become something which means travelling in time the conflict sets in due to duality.

This conflict brings in all worries and miseries for him as if closely observed the very effort to become something or in other words 'what one should be' at some space of time from 'what one actually is' at this very moment with such transformation remaining largely limited to the physical and literally impossible in the psychological world, such an effort brings in conflict disturbing thus the desired balance of man essential for leading a life without miseries. However so long as one is human, that basically means being caught in the body-mind consciousness, which is the normal and accepted way of living, one cannot be desire less with such desires depending upon proportion of tanmatras in him being roop, rus, shabd, sparsh and gandh that are but fuels for desires.

Here it is important to understand the movement of desire. On receiving an external stimulus (by jeev) thought is generated, around which the mind then creates an image and upon the body-mind associating itself with that image the wantonness to have/possess that image arises in him whose intensity depends upon the tanmatras in him. Such wantonness is nothing but desire.

Therefore it may be seen that remaining in the state of no desire is actually remaining in soul consciousness which arises only when body consciousness is dropped, the latter being extremely rare and possible only through Gurukripa in the Kriya ki Parawastha as propounded by Lahiri Mahasay. Only in that state, the jeev having no desires of its own is like a king of kings, his mind being absolutely free – free not of something or from something, but simply free. Such freedom alone is the harbinger of universal love and immense power.







## প্রভু নারায়ণ

-শিউলী গাঙ্গুলী

দিশাহীন পথ, স্তব্ধ সময়-

ওগো! কে তুমি রয়েছে দাঁড়িয়ে?

আমি প্রেমহীন, রক্ষ মলিন-

তবু, দেবে কি গো হাত বাড়িয়ে!

তুমি নারায়ণ অধরাই ছিলে-

ভক্তি স্বপনে মিশায়,

প্রভু হয়ে তুমি রূপ কিগো নিলে-

ভালোবাসা দিয়ে ভুলায়ে।

কত কৈশোর-যৌবন আমি শ্যাম রূপে তোমা খুঁজেছি-

তৃষিত নয়ন, বিগলিত মন- শুধু শ্রীমাধবে ভালোবেসেছি।

তাই দয়াময় প্রভু হয়ে এলে,

বোধহীনে প্রভু সার বোধ দিলে।

আমি অজ্ঞান ধ্যানে চোখ বুঝি

প্রভু প্রভু করি শুধু তোমা খুঁজি।

তোমা ভালোবেসে কি অসীম সুখ তুমি বিনা প্রভু বোঝাবো  
কাহারে!

জ্ঞান যদি তুমি নাও দাও মোরে

শুধু কৃপা করে প্রভু নারায়ণ- থেকেগো হৃদয় মাঝারে।

ॐ







## “Divine Grace”

- Dipanjan Dey

चैतन्यः शाश्वतः शान्तो व्योमातीतो निरञ्जनः ।

बिन्दूनादकलातीतस्तस्मै श्रीगुरवे नमः ॥

*“Who is the Eternally Tranquil Consciousness, Spotless and Pure, and Beyond the Ether,  
Who is Beyond the Bindu, Nada and Kala, Salutations to that Guru!”*

When the path of Dharma was described in the scriptures as akin to walking on the edge of a razor, the era of Kali yuga had not yet started. The scope of humans in the quest for self-realization in this age of materialistic dominance in thoughts and lifestyle seems to have become narrower than ever. But then, whenever there are times of crisis, the Lord himself comes down to show us the way towards the ‘Kingdom of Heaven’. In our lives, those fortunate ones who have received the most precious of all gifts, the grace of a Sadguru, seek the path of light through the darkness. It is through sadhana and Divine grace only by which we can cross the mighty ocean that is ‘Maya’. But even Divine grace is attained by the virtue of our actions. The holy Master says ‘Kripa is the result of our actions’. But at times, we cannot truly understand where from the divine grace comes and why at all it works.

Once before the Saraswati Puja, the Master explained it through a short anecdote- “I was searching for some money I had kept separately assigned for the puja. When I couldn’t find it, just as I was beginning to think very hard as to where I had kept it, there came a call from the bank. The bank personnel said that I was to get some money which I may withdraw now. I recalled it must have been from a previous deposit of mine. Thus I got the money needed for the puja! So it happens with ‘kripa’; you have your righteous actions of the past,

when you are in need of help, the Divine grace showers upon you.”

But then, there are numerous incidents where the great Masters have saved their disciples from impending danger. Can we conclude that the Guru’s blessings are also a result of one’s past actions? In the path of self realization, the sadhaka realizes that often there are obstacles which can be, as a matter of fact, itself the result of our bad actions. To be more precise, one’s actions as well as thoughts of previous as well as this life gets stored up as ‘sanskaras’ or imprints. As one dies, the gross body is left behind but the subtle body leaves along with the sanskaras which gets carried on to the next life.

In every path to God realization, there exists a vital stage or state of evolution where the subtle sanskaras arise in the being of sadhaka, which apparently, can appear to be even unknown to him. These trails of the actions of his past lives thus envelop his mind. The sadhaka is most vulnerable at this point. Vulnerable to strange emotions and latent desires which may seem uncontrollable, he thus comes face to face with the truth of his self. This is such a state where the sadhaka may not even realize his downfall. There is also the great danger of getting completely lost in his way to the ultimate goal and being swept away completely from the path. Such is the power of Maya and such is the



vulnerability of mind to the senses! One can recall from the Bhagavad Gita-

“yatato hyapi kaunteya puruṣhasya vipaśhchitaḥ  
indriyāṇi pramāthīni haranti prasabham manah”

(O son of Kunti! The senses are so strong and turbulent, that they can forcibly carry away the mind of a person of discrimination and practicing self-control.)

It is at this moment where no one can save him except the Guru. The omnipresent eyes of a Master can see through all the latent sanskaras and the future consequences. In one particular incident, one of the disciples had become very much emotional. He was at the time, practising the ‘kriya of breaking the heart knot’. As the name suggests, practising this kriya breaks the subtle knot where the sanskaras gets stored. The disciple was undergoing a very strange state; he felt hatred and he felt love, he also became sensitive to little events. The Master was very carefully observing him for a few days. One day, the Master was explaining to this writer about a bhajan sung by Pandit Bhimsen Joshi. The above disciple was also present. The Master said, “Have you heard this song by Bhimsen Joshi, ‘Jo bhaje Hari ko sada’? There is a line ‘dil ke darpan ko safa kar, dur kar abhiman ko..’ It means that cleaning up the mirror of the heart, and getting rid of your arrogance and ego, follow the steps of the Guru and then shall you get the Lord! This arrogance and pride is something that does not go away very easily” While the Master was talking to the writer, the subtle indication of the upcoming events was given to the above disciple. Later, he

overcame this difficult situation by the grace of Gurudeva.

Yet talking of another incident, one of the senior kriyaban’s experiences regarding a realization is worth mentioning. It occurred when revered Gurudev and GuruMa along with a few disciples went to visit Lord Shri Jagannath at Puri. Every member of the group was practising kriya very seriously. With the blessings of Gurudev and Lord Jagannath, the disciple got a realization which led to the initiation of a higher kriya.

Coming back to our question, can we conclude that the Guru’s blessings are also a result of one’s actions? The answer lies in the subtle connection between the disciple and the Guru, which is established at the moment of initiation and maintained through regular practise of kriya. Paramgurudev Shri Dubeyji used to say that ‘Guru Kripa’ is not attained by merely serving the Guru, but by practising kriya regularly with seriousness can one get the actual ‘Guru Kripa’ necessary for God realization.


It is verily through Kriya that one realises-

“मन्नाथः श्रीजगन्नाथो मदगुरुः श्रीजगद्गुरुः ।

मदात्मा सर्वभूतात्मा तस्मै श्रीगुरवे नमः ॥

- My Lord is the Lord of the Universe, My Guru is the Guru of the Universe, My Self is the Self of All Beings; Salutations to that Guru!

May Guru Kripa shower upon all! ॐ







## ক্রিয়াযোগ ও বাউল

- অমিতাভ দত্ত

একজন নবীন ক্রিয়াবান হিসাবে ক্রিয়াযোগ ও বাউল বিষয়ে দু-চার কথা লেখার জন্য প্রথমেই পরম পূজনীয় গুরুদেবের কাছে অনুমতি চেয়ে নিচ্ছি। তার সাথেই এই বিষয়ে লেখার সাহস ও ধৃষ্টতার জন্য অগ্রিম অনুমতি চেয়ে নিচ্ছি সমস্ত বাউল সাধক সমাজের কাছে; এবং বিশ্বাস রাখি আমার ক্ষুদ্র বোধ-অনুযায়ী এই লেখার সম্ভাব্য বিচ্যুতি তারা নিজ গুণে ক্ষমা করে দেবেন।

সাধনার অনেক মার্গ বা পথের মধ্যে 'ক্রিয়াযোগ' যেমন বিশেষ, তেমনি সাধনার আর এক বিশেষ ভক্তিমার্গ হল 'বাউল'। দুই সাধনার লক্ষ্য এক হলেও, সাধন-পথ কিঞ্চিৎ আলাদা। বহুপূর্বে ক্রিয়াযোগ সাধন-পদ্ধতি ছিলো কেবলমাত্র উচ্চ মার্গের সাধকেরই অধিকার; যা পরে বাবাজী মহারাজের কৃপায় ও লাহিড়ী বাবার মাধ্যমে বাঞ্ছিত আধার-যুক্ত সংসারী ব্যক্তিরও লাভ করেছেন। অপর পক্ষে ঈশ্বর ভক্তি-সাধনা, যা ছিলো কেবলমাত্র সমাজের কিছু মুষ্টিমেয় লোকের অধিকার, তা চৈতন্য-নানক-কবির-লালন প্রভৃতি সাধকদের ভক্তি আন্দোলনের মাধ্যমে জাত-পাত-ধর্ম-দরিদ্রতার উর্দ্ধে গিয়ে সমাজের নিম্নতম স্তর পর্যন্ত গিয়ে পৌঁছেয়।

স্বয়ং ঠাকুর রামকৃষ্ণ বলেছিলেন - খিদে আমার প্রবল রে ...; অর্থাৎ সাধনার বিভিন্ন মার্গ তিনি দেখতে চেয়ে ছিলেন। ক্ষুদ্র আমি, আমার খাবার পাত্র অর্থাৎ আধার হয়তো অনেকই ছোটো, কিন্তু মনের মতো বিভিন্ন খাবারের লোভ বা ইচ্ছে ছোটবেলা থেকেই আমার প্রবল। রাত বাংলার ছেলে আমি, ছোট থেকেই তাই বাউল ও তাদের আখড়া খুব বেশি দূরে ছিলো না। বাউল গানে মানুষের দৈনন্দিন জীবন থেকে নেওয়া শব্দ, সাধারণ যন্ত্র-অনুষঙ্গ ও মেঠো সুর-ছন্দ মানুষের জীবনে আনন্দ ভরে দেয়। কিন্তু সেই আপাত সহজ কথার ভেতর লুকিয়ে থাকে গভীর মর্মার্থ; যার অর্থ পেঁয়াজের খোলার মতো



স্তরে স্তরে বেরতেই থাকে, ব্যক্তির গ্রহণ ক্ষমতা অনুসারে। ক্রমে, নিজের অজান্তেই বাউল গানের মধ্যেও আমি সেই 'তাঁর' সাধনাকেই দেখতে পাই।

প্রসঙ্গত, বাউল কোনোও আলাদা ধর্মমত নয়, এটা হল একটা জীবন শৈলী। সংস্কৃত বাতুল বা ব্যাকুল থেকে বাউল শব্দের উৎপত্তি বলে ধারণা করা হয়, যার অর্থ পাগল। বাউল শব্দের সরাসরি উল্লেখ প্রাচীন হিন্দু শাস্ত্র বা ধর্মগ্রন্থে পাওয়া যায় না। আধ্যাত্মবাদের এই বিশেষ পথ নির্দিষ্ট একটি ধর্মমত থেকে আসেওনি। মধ্যযুগের ভারতে জনসাধারণের হিন্দুধর্ম পালনের উপর নিয়ম-কানুন জনিত কড়াকড়ির জন্য জন্ম নেয় কিছু সহজ সাধন পদ্ধতি - যাকে ভক্তি আন্দোলনও বলে। পরবর্তী সময়ে হিন্দু ধর্মজাত চৈতন্য-নিত্যানন্দের বৈষ্ণব, বৌদ্ধ ধর্মের সহজিয়া এবং ইসলামের সুফী-আউলিয়া - এই তিন মতের ত্রিবেণী সঙ্গমে উদ্ভূত সাধন মতবাদ ও জীবন দর্শন হল বাউল। এ বড়ই সহজ, নিয়ম শৃঙ্খলার অন্যায় জাঁতাকল ছাড়াই; ফলে শীঘ্রই জলে ঘেরা বাংলার দরিদ্র প্রান্তিক সর্বধর্মের আপামর জনসাধারণের ধর্মাচারনের পথ হয়ে উঠলো - বাউল।

গুরুমুখী বিদ্যা বাউল'এর সাধনায় প্রধানত তিনটি স্তর রয়েছে -

1. **প্রবর্ত:** শিষ্য রূপে চাতকের ন্যায় গুরু ও ভগবানের দয়া-করণা প্রার্থনা,
2. **সাধক:** সাধনা দ্বারা দেহতত্ত্ব বোঝা ও নিজের ভেতরের





অচিন মানুষের স্বরূপ বোধ,

3. সিদ্ধ: প্রেম-সাধনার পূর্ণতায় সেই মনের মানুষের দর্শন ও মিলন।

‘বাউ’ অর্থ বায়ু বা প্রাণ আর ‘উল’ হল খোঁজা বা সন্ধান। ঈশ্বরের অস্তিত্ব-স্বরূপ কিভাবে মানবদেহের প্রাণের ধারার সাথে মিশে থাকে, সেই পরশ পাথরের রহস্য - বাউল তার সাধনা দ্বারা খুঁজে ফেরে। সাধারণ মানুষ আউল, গুরুর কাছে দীক্ষা পেয়ে বাউল হয়। গুরুমুখী গৃঢ়বিদ্যা বাউলের ধর্মতত্ত্ব, দর্শন, সাধন পদ্ধতি ও অভিজ্ঞতা সবই রূপকের আবরণে অব্যক্ত হয়েও - ব্যক্ত হয় বাউলের গানে।



এখন আমরা লালন ফকিরের একটি বহুল প্রচলিত গানের আলোচনা ও ক্রিয়াযোগের দৃষ্টিতে গানটির শব্দাবলীর যৌগিক ব্যাখ্যা যথাসাধ্য করার চেষ্টা করবো। গানটি - ‘ধন্য-ধন্য বলি তারে’।

ধন্য-ধন্য বলি তারে,  
বেঁধেছে এমন ঘর, শূন্যের উপর পোস্তা করে...

গানের প্রথম স্তবকে সাধক-কবি সেই পরমাত্মার গুণগান করে তাঁর এই মহান কাজকে ধন্য ধন্য করছেন, যিনি সাধকের দেহ রূপ ঘর সৃষ্টি করেছেন; যে বিশেষ ঘর শূন্যের উপরে মজবুত-পোস্তা করে তৈরি এবং ভাসমান অর্থাৎ সাধারণ ঘরের ন্যায় কোথাও প্রোথিত নয়। অবশ্য এই শূন্যের অর্থ অনেক গভীরে - কিছু নেই থেকেই এই বিশ্ব-ব্রহ্মাণ্ডর সকল সৃষ্টি।

সবে মাত্র একটি খুঁটি, খুঁটির গোড়ায় নাইকো মাটি,  
কিসে ঘর হবে খাঁটি, ঝড়ে-তুফান এলে পরে...

তার পর সাধক বলছেন এমন ঘরের কথা যার একটি মাত্র খুঁটি, যার গোড়ায় মাটি নেই; এই খুঁটি রূপক অর্থে দেহস্থিত সুষুম্নাকেই বোঝায়। সাধক চিন্তা ব্যক্ত করেছেন ঝড়-তুফান এলে তার ঘর ঠিক-ঠাক ভাবে দাঁড়িয়ে থাকবে কিভাবে? অর্থাৎ সংসারে মায়া রূপ বিভিন্ন ঝড়-তুফানে সাধকের সাধনক্ষেত্র এই সুষুম্নায়ুক্ত দেহের সঠিক অবস্থায় রাখা নিয়ে সাধক চিন্তাগ্রস্ত।

মূলাধার কুঠুরি নয়টা, তার উপরে চিলেকোঠা,  
তহি এক পাগল ব্যাটা, বসে একা একেশ্বরে...

বাউল সাধনায় দেহের একমাত্র খুঁটি সুষুম্নার গুরু-মূলাধার থেকে শেষ-চিলেকোঠা সহস্রার অবধি বিভিন্ন স্তরকে উপমায় চক্র বা ফুল বা কুঠুরী বা আসমান রূপে বলা হয়; যার সংখ্যা সাত কখনও আট বা নয়ও বলা হয়ে থাকে। সেই চিলেকোঠা সহস্রার উপরে একা বসে আছেন বাউলের স্নেহের পাগলা ছেলে- পরমাত্মা একেশ্বর, যাঁর সাথে মিলিত হওয়া জীবাত্মা সাধকের পরম লক্ষ্য।

উপর নিচে সারি সারি, সাড়ে নয় দরজা তারি,  
লালন কয় যেতে পারি, কোন দরজা খুলে ঘরে...

গানের শেষ অনুচ্ছেদে সাধক দেহতত্ত্বের আরেক গৃঢ়তত্ত্ব বলেছেন। সাড়ে নয় দরজা আসলে দেহের দুই চোখ, দুই কান, দুই নাক, মুখ, পায়ু মিলিত রূপে আটখানা দ্বার এবং যৌনাঙ্গ - দেড়খানা দ্বার ধরা হয় - যাতে জনন এবং মূত্রত্যাগের দ্বার রয়েছে। সাধক লক্ষ্যে পৌঁছাতে চান; কিন্তু সেই পরমাত্মার সাক্ষাৎ দেহের কোন দরজা খুলে হবে, তা জানতে সাধক-বাউল ব্যাকুল।



মানবদেহকে ঈশ্বরের আবাস রূপে সাধনা বাউলের দেহতত্ত্বের আধার, যা এই গানেও লক্ষ্যনীয়।



ক্রিয়াযোগ ও বাউল এর সাধনায় মিল ও অমিল – দুটোই বড়ই প্রবল। ক্রিয়াযোগ আর বাউল – উভয় ক্ষেত্রেই ঈশ্বরের আবাসস্থল এই মানব দেহই হল সাধন ক্ষেত্র। বাউলের বাদনযন্ত্র একতারার মাঝের তার যেন ক্রিয়ার সাধনযন্ত্র - সুষুমা, আর দুপাশের নমনীয় দুই বাঁশ খন্ড ঠিক যেন ঈড়া-পিঙ্গলা। এই মানব দেহ চেনা, শরীরের ভিতরে ব্যাপ্ত প্রাণ বায়ু, দেহস্থিত ঈড়া-পিঙ্গলা-সুষুমা, তাদের বিভিন্ন সঙ্গমস্থলে থাকা পদ্ম, মস্তিষ্ক স্থিত সহস্রার, প্রদত্ত মন্ত্র-জপ, সহস্রদল পদ্মের মণি নিসৃত রস দ্বারা সাধন, ইন্দ্রীয়বন্ধ দ্বারা সাধকের ভিতরে স্থিত সেই পরম পুরুষ'এর রূপ দর্শন – এ সবই গুরুমুখী দুই সাধন পদ্ধতিই শেখায়। মূলাধারে স্থিত কুণ্ডলিনী শক্তি পরমা-প্রকৃতি ও সুষুমা পথে সেই শক্তি চালনা করে সহস্রারের উপরে স্থিত পরম-পুরুষের সাথে মিলনের কথা দুই সাধন পদ্ধতিই বলে। এই শক্তি নিম্নগামী হলে সৃষ্টি আর উর্দ্ধগামী হলে স্রষ্টার দর্শন দেয়। ক্রিয়াসাধনা করতে গিয়ে

আমরা ক্রিয়া সম্পর্কিত বিভিন্ন যৌগিক শব্দ ও বাউল গানের মধ্যে বহু মিল খুঁজে পাই। বহু যৌগিক শব্দ ও দেহতত্ত্বের গূঢ় ব্যাখ্যা বাউল গানে রয়েছে রূপকের আড়ালে লুকিয়ে, ঠিক যেন গীতা সহ বিভিন্ন শাস্ত্রে যেভাবে রয়েছে। বাউল যেহেতু সমাজের প্রান্তিকজনের কাছেও পৌঁছেয়, তাই হয়তো বাউল গানে সাধনার গূঢ় দেহতত্ত্বে বর্ণিত হয় আপাত সহজ-সরল-সাধারণ শব্দাবলীর মধ্যমেই; - আধার-তন্মাত্রা অনুযায়ী যার বোঝার, সে ঠিকই বুঝে নেয় তার গূঢ় যৌগিক অর্থ।

অপরপক্ষে, বাউল সাধনা হল নারী-পুরুষের যৌথ সাধন পদ্ধতি, যা ক্রিয়াযোগ সাধনা থেকে সম্পূর্ণ ভিন্ন। ক্রিয়াযোগ সাধন-দর্শনের প্রয়োজন-অতিরিক্ত ইন্দ্রিয় আসক্তির ত্যাগের বিপরীতে, বাউল সাধনা বলে কাম নদীর সতত নিম্নমুখী ধারাকে উর্দ্ধমুখী করে পরমা-প্রকৃতির সাথে সেই পরম-পুরুষের মিলন-সঙ্গম। বাউল সাধনা হল প্রকৃতপক্ষে সাধকের সাধন-সঙ্গী 'মায়া'কে সাথে নিয়েই নিজ দেহের উপর মনের নিয়ন্ত্রণের নিয়ত পরীক্ষা। পরিশেষে, সব নিয়ম ভুলে, সৃষ্টির রূপ-রহস্যে মজে গিয়ে সেই অরূপের প্রকৃত স্বরূপ দর্শন ও সেই মনের মানুষ-এর সাথে মিলনই হল বাউল সাধন সিদ্ধ।

উপরোক্ত আলোচনা ও ব্যাখ্যা একান্তই লেখকের ভাবনাপ্রসূত এবং এর ভিন্নতর ব্যাখ্যাও একান্তই সম্ভব। ক্রিয়াবান ও সাধকগণ এই প্রসঙ্গে অধিক আলোকপাত করলে উপকৃত হই।

বাউল সাধন মার্গের আরোও কিছু সাধন-সংগীতের আলোচনার ভবিষ্যৎ ইচ্ছা রইল।

. - ক্রমশ -

-তথ্যসূত্র: গুরুদেবের উপদেশ ও আলোচনা,

-অন্যান্য ইন্টারনেট-সাইট সমূহ,

- বিভিন্ন বাউল আখড়াতে শোনা কিছু আলোচনা ও গান,







## Some Quotes of Gurudeva Acharya Dr. Sudhin Ray with Explanation

- Saket Shrivastava

*Guruke bhitorey na nite parley Guruwakya berobey na sei jonney guru bhakti te thekey bhit shakta korey nite hobe – “Guruwakya will not come out if one does not resonate with one’s Guru by merging with him and therefore one must be devoted to one’s Guru”*

*Sanskar na kaatle guru kathar bhavartha bojha jaye na – “One cannot fully understand the words of one’s Guru till the sanskar ends”*

*Satta theke sattar parivartan guru ei koriye den; sattar parivartan na holey gurur kotha bojha jaye na – “Guru brings about changes in satta; until and unless change in satta occurs the words of Guru cannot be understood”*

[By Guruwakya, Gurudev actually implies the words of understanding that come out of the mouth of a disciple who through the guidance of his physical Guru comes in total communion with his inner Guru, which is his soul/atman. Therefore Gurudev advises his disciple to have faith in his physical Guru; such faith arises only upon cessation of all sanskaras as a doubtful mind being impure is absolutely incapable of understanding the essence of Guru’s words. Sant Kabirdas while highlighting the importance of Guru exclaims-

**Guru Gobind Dou Kharen, Kake Lagun Paye!  
Balihari Guru Aapne, Govind Dio Bataye!!**

As such devotion to one’s physical Guru and the path shown by him is very essential for a disciple to blossom since it is the physical Guru who at the time of initiation shows him the Light which he (and every living being alike) actually is, but for many births has been forgetful of. Only when a disciple blossoms like a lotus unfolding all its petals in absolute vulnerability, yet equally indestructible, that the inner nature of disciple gets revealed unto him which is but Sat-Chit-Anand. By

devotion, Gurudev does not mean accepting his authority but learning and practising faithfully the techniques passed on to him (disciple) in the initial stage so that the fruits of such teachings when realised by him (disciple) at a later stage establishes the desired trust in his Guru, that is essential to receive Gurukripa for entering the dimension of the Guru which however remains out of his realm. No amount of thinking can ever let a disciple know his Guru whose words and being can never be understood before cessation of all sanskars that is doubt, suspicion, judgement, thinking, arguments-all being the characteristics of gross or indriyagat mind. The Guru in physical form brings about a change in satta of the disciple, that is, guides him carefully from the dimension of duality to the dimension of universality to which he himself belongs to, as without entering that unexplored dimension a disciple cannot become one with his Guru which is but essential to understand his words. Sant Kabirdas points out this benevolence of physical Guru in the following Doha:**Guru Govind Dou Ek Hain, Duja Sab Akaar! Aapa Metey Hari Bhaje, Tab Pawen Didar!!]**





***Charidike jokhon bondhu bandhav ache, attiyora ache, tokhon bhagvan nei; sei jonney sabar theke dure thakle, taar kache ei thaka jaye – “When one is surrounded everywhere by relatives and friends, God/Bhagavan is not. Hence by living away from all, one can remain near Him”***

[In some of his statements Gurudev has pointed out that the abasthan of God/Bhagavan can be realized only in Kutastha since only then sadhak comes to know Avedh (universality) by transcending Vedh (duality).

Hence he emphasizes that when one is surrounded by relatives and friends or in other words when one is functioning in the dimension of duality, there is no scope for God/Bhagavan to be, as the abasthan of Bhagavan negates the very presence of other, that is cessation of duality, with duality dissolving into universality.

In the words of Kabir- **Jab main tha tab hari nahi, ab hari hain main nahi; Prem ki gali ati sankari, jaame do na samaahi!** It is not essential that a sadhak may not remain immersed in soul consciousness or in Kutastha when surrounded by relatives and friends, but then it would be too difficult for him to maintain that state as the very presence of relatives and friends, who are but manifestations of duality would then compel him to be in their dimension resulting thus in unwanted internal conflict that would dissipate his energy required for remaining afloat in Kutastha. Gurudev therefore advises on staying away alone from everyone with such aloneness signifying absolute solitude, that is, when there is no one- not even the one to proclaim that there is none- which is but a matter of deep realization.






Regarding such aloneness Gurudev says- **Ekay thaka, na ki ekla thaka**- meaning one should be alone but not lonely. So far this writer has understood, being alone is when one's satta or entity ceases with complete surrender and resultant dissolution into the supreme satta which is but the vast nothingness being timeless, infinite and without any centre spread throughout so that individuality dissolves and becomes whole and no

more a part of the whole with sadhak himself becoming the Infinite or Universal. However realization of such a state of aloneness is possible only through Gurukripa as no amount of practice can make one realize that state of vast nothingness to which we all belong to but because of our living in the state of duality or Vedh fail to have a taste of it. As against that, being lonely is when one is in the dimension of duality having possessions regarded as his own whose absence but makes him suffer as he cannot imagine being nothing in their absence as he has no taste of that vast nothingness and therefore thinks his existence only in the presence of others or duality and any separation from them makes him feel sad- which is but the chief characteristic of loneliness.

Though one can stay alone amidst all, yet the relationships in the form of relatives, friends and others that one has built up in due course of time has a strong pull on the mind since challenging Mahamaya, under whose influence the entire evolution and resultant relationships develop and function, is next to impossible for man. Therefore Gurudev cautions on not being caught in the undesirable game of fighting conflict generated by accompanying such relatives who are but manifestations of the omnipotent Mahamaya, but instead conserving such invaluable time and energy in becoming urdhagami that otherwise would get wasted in the unwarranted conflict. He therefore advises sadhak on staying alone both physically and psychologically so as to remain always in Kutastha for only then he can remain near Him, coined God/Bhagavan which according to this writer's little understanding is perhaps an extraordinary experiencing, absolutely original and not contaminated by the past or known, and therefore inexpressible in all possible means of knowing.] (ॐ)



# ASHRAM PUBLICATIONS



Order Ashram books and publications from our Website [www.rykym.org](http://www.rykym.org)

## ABOUT "ANWESHAN"

Anweshan is the editorial mouthpiece of RYKYM. This magazine is being published for readers interested in Kriya Yoga and spirituality. Please send your suggestions/ feedbacks on articles published in the magazine at [info@rykym.org](mailto:info@rykym.org)

**TO KNOW MORE ABOUT KRIYA YOGA KINDLY SCAN THIS CODE FROM YOUR MOBILE DEVICE**





